

আয়-যারিয়াত | Adh-Dhariyat | الْذَّارِيَاتِ

আয়াতঃ ৫১ : ২২

আরবি মূল আয়াত:

وَفِي السَّمَاءِ رِزْقُكُمْ وَمَا تُوعَدُونَ ﴿٢٢﴾

A. অনুবাদসমূহ:

আকাশে রয়েছে তোমাদের রিয়িক ও প্রতিশ্রুত সব কিছু। — আল-বায়ান

এবং আকাশে আছে তোমাদের রিয়িক আর আছে যার ওয়াদা তোমাদেরকে দেয়া হয়েছে। — তাইসিরুল

আকাশে রয়েছে তোমাদের রিয়িকের উৎস ও প্রতিশ্রুত সবকিছু। — মুজিবুর রহমান

And in the heaven is your provision and whatever you are promised. — Sahih International

২২. আর আসমানে রয়েছে তোমাদের রিয়িক ও প্রতিশ্রুত সব কিছু।(১)

(১) অর্থাৎ আসমানে তোমাদের রিয়িক ও প্রতিশ্রুত বিষয় রয়েছে। এর নির্মল ও সরাসরি তাফসীর এরূপ বর্ণিত আছে যে, আকাশে থাকা অর্থ “লওহে-মাহফুয়ে” লিপিবদ্ধ থাকা। বলাবাহ্ল্য প্রত্যেক মানুষের রিয়িক, প্রতিশ্রুত বিষয় এবং পরিণাম সবই লওহে-মাহফুয়ে লিপিবদ্ধ আছে। তাছাড়া ‘আসমান’ বলে উর্ধ্বজগতও উদ্দেশ্য হতে পারে। মানুষকে পৃথিবীতে বেঁচে থাকার এবং কাজ করার জন্য যা কিছু দেয়া হয় তার সবকিছুই রিয়িক। আর সমস্ত আসমানী কিতাব ও এ কুরআনে কিয়ামত, হাশর ও পুনরুত্থান, হিসেবা-নিকেশ ও জবাবদিহি, পুরক্ষার ও শান্তি এবং জান্মাত ও জাহানামের যে প্রতিশ্রুতি দেয়া হয়েছে (وَمَا تُوعَدُونَ) বলে সেসবকেই বুঝানো হয়েছে। আল্লাহর এ বাণীর অর্থ হচ্ছে, দুনিয়ায় তোমাদের কাকে কি দিতে হবে তার ফায়সালা উর্ধ্বজগত থেকেই হয়। তাছাড়া জবাবদিহি ও কর্মফল দেয়ার জন্য কখন তলব করা হবে সে ফায়সালাও সেখান থেকেই হবে [দেখুন: কুরতুবী]।

তাফসীরে জাকারিয়া

(২২) আকাশে রয়েছে তোমাদের রূপী ও প্রতিশ্রুত সবকিছু। [1]

[1] অর্থাৎ, বৃষ্টি ও আকাশ থেকে হয়, (সূর্যও আছে আকাশে,) যার দ্বারা তোমাদের জীবিকা উৎপন্ন হয়। আর জান্মাত ও জাহানাম এবং প্রতিদান ও শান্তির ব্যাপারটাও আসমানে আছে, যার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4697>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন